# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## বিষয় : ভূগোল: দ্বিতীয় পত্র (সৃজনশীল)

বিষয় কোড : | ১ | ২ | ৬ |

সময় — ২ ঘণ্টা ৩৫ মিনিট পূর্ণমান — ৫০

[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। যেকোনো ৫ টি প্রশ্নের উত্তর দাও।]

১ ▶ জামিল সাহেব বাংলাদেশের একজন শীর্ষস্থানীয় ব্যবসায়ী। তিনি বিশ্বের বিভিন্ন দেশে তৈরি পোশাক রপ্তানি করে থাকেন। তার রপ্তানিকৃত পণ্যের শিল্পটি বাংলাদেশে বেকারদের কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি রপ্তানি আয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

ক. পৃথিবীর বৃহত্তম মহাদেশ কোনটি? ১

খ. রাজনৈতিক ভূগোলের বিষয়বস্তু ব্যাখ্যা করো। ২

গ. জামিল সাহেবের কর্মকাণ্ডটি ভূগোলের কোন ক্ষেত্রে আলোচনা করা হয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. ভূগোলের উক্ত শাখার গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

২ ▶ যমুনা নদীর পাড় ভাঙতে ভাঙতে সোহাগদের বাড়ির কাছাকাছি চলে এসেছে। তাই তারা বাধ্য হয়ে এমন একটি জায়গায় যায় যেখানে জীবনযাপনের সুন্দর পরিবেশ বিদ্যমান।

ক. গাণিতিক ঘনত্ব কী? ১

খ. জনবসতির ওপর জলবায়ুর প্রভাব ব্যাখ্যা করো। ২

গ. সোহাগদের অন্যত্র স্থানান্তর এবং সেখানে যাওয়ার পেছনে যে কারণ জড়িত তা ব্যাখ্যা করো। ৩

Teachingbd24.com

ঘ. সোহাগদের ক্ষেত্রে যা ঘটল তার ফলাফল বিশ্লেষণ করো। ৪

৩ ► নীলার গ্রামের স্কুলের খোলা মাঠে প্রতি রবি ও বুধবার তাদের গ্রামসহ আশপাশের গ্রাম থেকে ক্রেতা ও বিক্রেতারা মিলিত হয়ে প্রয়োজনীয় দ্রব্য বিনিময় করে। নীলার গ্রামে নির্দিষ্ট সময় অন্তর এবং নির্দিষ্ট দিনে, নির্ধারিত স্থানে ক্রেতা ও বিক্রেতার এ ধরনের সমাবেশ একটি বিশেষ নামে পরিচিত।

ক. কার্পাস বয়ন শিল্প কী? ১

খ. শিল্পের বিকেন্দ্রীকরণই ঢাকা মহানগরের জনসংখ্যা হ্রাসের সর্বোৎকৃষ্ট পন্থা– ব্যাখ্যা করো। ২

গ. নীলার গ্রামে ক্রেতা ও বিক্রেতাদের এ ধরনের সমাবেশ কী নামে পরিচিত? তার বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ৩

ঘ. বাংলাদেশের গ্রামীণ প্রেক্ষাপটে এ ধরনের বাজার ব্যবস্থা গড়ে ওঠার কারণ বিশ্লেষণ করো। ৪

৪ ► হারুন মিয়া নাটোরের একজন আখ চাষী। তাদের এলাকায় উৎপাদিত আখের উপর নির্ভর করে এখানে কয়েকটি চিনিকল প্রতিষ্ঠিত হয়েছিল। কিন্তু আখ চাষ লাভজনক না হওয়ায় অনেকে চাষ বন্ধ করে দেয়। ফলে চিনিকলগুলোও বন্ধ হয়ে যায়।

ক. ঋতু নিরপেক্ষ ফসল কাকে বলে? ১

খ. বাণিজ্যিক কৃষি গড়ে ওঠার কারণ উল্লেখ করো। ২

গ. হারুন মিয়াদের আখ চাষ লাভজনক না হওয়ার কারণগুলো উল্লেখ করো। ৩

Teachingbd24.com

ঘ. উদ্দীপকের চিনিকলগুলো চালু করতে কী কী ব্যবস্থা গ্রহণ করা উচিত? বিশ্লেষণ করো। ৪

৫▶ শিমুলের বাড়ি ঘোড়াশাল তাপবিদ্যুৎ কেন্দ্রের নিকটে অবস্থিত। সে বড়পুকুরিয়ায় তার বন্ধু কমলের বাড়িতে বেড়াতে গেল। সে সেখানে তাদের অঞ্চলের মতো একটি কেন্দ্র দেখতে পেল। তার বন্ধু জানাল তাপবিদ্যুৎ কেন্দ্র দুটিতে জ্বালানি হিসেবে ভিন্ন দুটি খনিজ ব্যবহৃত হয়।

ক. বাংলাদেশের প্রথম গ্যাসক্ষেত্র আবিষ্কৃত হয় কোথায়? ১

খ. শিল্পের কাঁচামাল হিসেবে প্রাকৃতিক গ্যাসের ব্যবহার লেখো। ২

গ. শিমুলের অঞ্চলে অবস্থিত তাপবিদ্যুৎ কেন্দ্রে যে খনিজটি ব্যবহৃত হয় বাংলাদেশে তার প্রধান কয়েকটি ক্ষেত্র ব্যাখ্যা করো। ৩

ঘ. কমলের অঞ্চলে অবস্থিত তাপবিদ্যুৎ কেন্দ্রে যে সম্পদটি ব্যবহৃত হয় তার আন্তর্জাতিক বাণিজ্য বিশ্লেষণ করো। ৪

৬▶ রতন ডিগ্রি পাস করে চাকরির পিছনে না ঘুরে আত্মকর্মসংস্থানের চেষ্টা করে। সে তার বন্ধুর সহযোগিতায় স্থানীয় একটি ব্যাংক থেকে ঋণ নিয়ে খাদ্যদ্রব্য তৈরির কারখানা স্থাপন করে। তার কারখানায় খাদ্যদ্রব্য প্রক্রিয়াজাত করে বাজারে বিক্রি করে সে প্রচুর লাভবান হয়।

ক. রাষ্ট্রায়ত্ত চিনির কলগুলো সুষ্ঠু পরিচালনার জন্য সরকার কী স্থাপন করেছে? ১

খ. জমির মূল্য কীভাবে শিল্প স্থাপনে ভূমিকা রাখে? ২

Teachingbd24.com

গ. রতনের কর্মকাণ্ডটি মানব ভূগোলের কোন শাখায় আলোচিত হয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. রতনের কর্মকাণ্ডটি কীভাবে জাতীয় অর্থনীতিতে অবদান রাখছে? বিশ্লেষণ করো। ৪

৭▶ ব্যবসায়ী জনাব আলম তার উৎপাদিত পণ্য নদীপথে বরিশাল থেকে শ্যামবাজার পাঠান। এখান থেকে ঢাকার পাইকারি ও খুচরা বিক্রেতার কাছে পণ্য বিক্রি করা হয়।

ক. মুক্তবাজার অর্থনীতি কী? ১

খ. OPEC সংস্থার উদ্দেশ্যগুলো লেখো। ২

গ. আলমপীরের বাণিজ্য কী ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত বাণিজ্যের কেন্দ্রগুলো কী কী? বিশ্লেষণ করো। ৪

৮▶ শাওন বুড়িগঙ্গা নদীতে মাছ ধরতে গিয়ে দেখল নদীতে কোনো মাছ নেই। এর কারণ হিসেবে সে দেখল নদীর দুই পাশের নগর ও কারখানার বর্জ্য এসে নদীতে পড়ছে।

ক. বায়ু দূষণ কী? ১

খ. প্রাকৃতিক দুর্যোগ কী? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লেখিত বর্জ্য পরিবেশের ওপর যে প্রভাব ফেলে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত দূষণ রোধের উপায়গুলো কী? বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

## বিষয় : ভূগোল: দ্বিতীয় পত্র

বিষয় কোড : | ১ | ২ | ৬ |

সময় — ২৫ মিনিট

### বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ২৫

[দ্রষ্টব্য: নৈর্বাচনিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. ইউরাল পর্বতের পশ্চিমাংশে কোন মহাদেশ?
ক আফ্রিকা খ ইউরোপ
গ উত্তর আমেরিকা ঘ এশিয়া

২. বাংলাদেশের সাথে সীমানা রয়েছে —
i. ভারতের
ii. পাকিস্তানের
iii. মায়ানমারের
কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

৩. কোনো দেশের জনসংখ্যা আশঙ্কাজনক দ্রুতগতিতে বৃদ্ধিকে কী বলে?
ক জনমিতিক উত্তোরণ
খ জনমিতিক অবনমন
গ জনসংখ্যা বিস্ফোরণ
ঘ জনসংখ্যার স্থিতিশীলতা

৪. বাংলাদেশের জনসংখ্যা সমস্যা সমাধানের উপায় কী?
ক সামাজিক উন্নয়ন
খ সচেতনতা বৃদ্ধি
গ সাক্ষরতা বৃদ্ধি
ঘ অর্থনৈতিক উন্নয়ন

৫. ভূনিম্নস্থ পানি অধিক ব্যবহারের ফলে —
i. ভূপৃষ্ঠস্থ পানির স্তর নিচে নেমে যাচ্ছে
ii. পানি দূষিত হচ্ছে
iii. লোনা পানি স্থলদেশে প্রবেশ করছে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

৬. পাটশিল্পের জন্য বিশ্ববিখ্যাত ছিল কোন শহর?
ক টাঙ্গাইল খ ফরিদপুর
গ নারায়ণগঞ্জ ঘ নরসিংদী

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও:
লাবনী রাঙামাটির পাহাড়ি অঞ্চলে বাস করে। তাদের এলাকায় তিন থেকে পাঁচটি বাড়ি নিয়ে এক একটি বসতি গড়ে উঠেছে।

৭. লাবনী রাঙামাটির কোন ধরনের বসতিতে বাস করে?
ক পল্লি খ গ্রামা
গ নিবিড় ঘ পুঞ্জীভূত

৮. লাবনীদের বসতির বৈশিষ্ট্য হলো —
i. জীবনযাত্রা নিম্নমানের
ii. বাড়িগুলো মাটি বা চাটাই দ্বারা তৈরি
iii. কৃষিজমির মাঝখানে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৯. ফসলের হ্রাস-বৃদ্ধি বিশেষভাবে নির্ভরশীল —
i. দিনের স্থায়িত্বের উপর
ii. সূর্যের আলোর স্বল্পতা-তীব্রতার উপর
iii. বায়ুপ্রবাহের উপর
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১০. পৃথিবীর অধিকাংশ গম উৎপাদক এলাকা কোন অক্ষাংশের মধ্যে সীমাবদ্ধ?
ক দক্ষিণ গোলার্ধে ১০°-৩০° দক্ষিণ
খ উত্তর গোলার্ধে ২০°-৪০° দক্ষিণ
গ দক্ষিণ গোলার্ধে ১৫°-৪৫° উত্তর
ঘ উত্তর গোলার্ধে ১৫°-৪৫° দক্ষিণ

১১. জ্বালানি শক্তি কী ধরনের সম্পদ?
ক প্রাকৃতিক খ মানবসৃষ্ট
গ অবিরাম ঘ অস্থায়ী

১২. অ্যানথ্রাসাইট কয়লা —
i. কালো
ii. শক্ত
iii. বাদামি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৩. ভারতে উলম্ব বা খাড়াই টানেল খনন পদ্ধতিতে উত্তোলন করা হয় —
i. কয়লা
ii. তামা
iii. সোনা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

Teachingbd24.com

**উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও।**

মি: আতিক ফার্মেসি বিষয়ে পড়াশোনা শেষ করে স্কয়ার ফার্মাসিউটিক্যালস কোম্পানিতে চাকরি পেলেন।

**১৪. মি: আতিক কোন ধরনের শিল্পের সাথে যুক্ত হয়েছেন?**

ক) সেবামূলক খ) অর্থনৈতিক
গ) প্রাকৃতিক ঘ) সাংস্কৃতিক

**১৫. উদ্দীপকের শিল্পটিতে বাংলাদেশ যথেষ্ট সুনাম অর্জন করেছে কারণ অনেক সংকটের মধ্য দিয়েও এই শিল্পের—**

i. সুষ্ঠ বিকাশ ঘটেছে
ii. মানসম্মত উৎপাদন বৃদ্ধি পেয়েছে
iii. ওষুধে ভেজাল বন্ধ হয়েছে

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৬. তৈরি পোশাক শিল্প বাংলাদেশের কোন অঞ্চলে বেশি গড়ে উঠেছে?**

ক) ঢাকা খ) নারায়ণগঞ্জ
গ) চট্টগ্রাম ঘ) খুলনা

**১৭. বাংলাদেশের তৃতীয় সমুদ্র বন্দর কোথায় গড়ে উঠছে?**

ক) কক্সবাজার খ) পায়রা
গ) আশুগঞ্জ ঘ) চাঁদপুর

**১৮. বৃষ্টিবহুল অঞ্চলে সড়ক সংরক্ষণ করতে—**

i. নতুন করে মাটি ফেলতে হয়
ii. কার্পেটিং করা প্রয়োজন
iii. নতুন করে খনন করতে হয়

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**উদ্দীপকের আলোকে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও :**

বাংলাদেশ প্রাকৃতিক সম্পদের সুষ্ঠু ব্যবহার না করায় প্রতি বছর বিদেশ থেকে পণ্য আমদানি করতে হয়। এতে বাংলাদেশ অর্থনীতিতে অনেক পিছিয়ে পড়ছে।

**১৯. উদ্দীপকে উল্লিখিত বাণিজ্যে বাংলাদেশ সবচেয়ে বেশি নির্ভরশীল কোন দেশের ওপর?**

ক) ভারত খ) যুক্তরাষ্ট্র
গ) যুক্তরাজ্য ঘ) চীন

**২০. উদ্দীপকে আলোচিত সম্পদের সুষ্ঠু ব্যবহার সম্ভব হচ্ছে না কারণ—**

i. মূলধনের অভাব
ii. দুর্বল প্রযুক্তিবিদ্যা
iii. চাহিদা কম

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২১. বাংলাদেশ থেকে জনশক্তি আমদানিকারক দেশগুলো জনশক্তি আমদানি করে কী প্রয়োজনে?**

ক) জনসংখ্যার ভারসাম্য আনায়নে
খ) জাতীয় আয় বৃদ্ধিতে
গ) রাজনৈতিক সম্পর্ক উন্নয়নে
ঘ) বাণিজ্য ভারসাম্য আনয়নে

**২২. পারমাণবিক বিপর্যয়ের উদাহরণ কোনটি?**

ক) ভূপাল দুর্ঘটনা
খ) মিনামাটা দুর্ঘটনা
গ) কোরীয় যুদ্ধ
ঘ) ভিয়েতনাম যুদ্ধ

**২৩. প্রাকৃতিক দুর্যোগ নয়—**

i. বায়ু দূষণ
ii. সুনামি ও নদী ভাঙন
iii. শব্দ দূষণ

**কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২৪. বায়ুমণ্ডলীয় প্রক্রিয়াসৃষ্ট বায়ুমণ্ডলীয় দুর্যোগ—**

i. খরা
ii. ঘূর্ণিঝড়
iii. হারিকেন

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২৫. কোন অভিক্ষেপটির অঙ্কনপদ্ধতি সহজ বলে গ্রহণযোগ্য?**

ক) প্রকৃত বেলন খ) সরল বেলন
গ) শঙ্কুর ঘ) সরল শঙ্কব

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | ঘ | ৩ | গ | ৪ | ঘ | ৫ | গ | ৬ | গ | ৭ | ক | ৮ | ক | ৯ | ক | ১০ | ঘ | ১১ | ক | ১২ | ক | ১৩ | ঘ |
| | ১৪ | ক | ১৫ | ক | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | ক | ২১ | খ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | খ | | |

https://teachingbd24.com